নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক আপডেট/২০২৫/২০৭৩ ০২ মার্চ ২০২৫

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, স্বাস্থ্য ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা সৃষ্টি, ক্রীড়া, বিশ্বের নানা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে 'সাইন্টিফিক প্রেজেন্টেশন অন রিসেন্ট অ্যাডভান্সেস ইন ন্যানোটেকনোলজি বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। রবিবার (০২ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে ভিডিও কনফারেন্স রুমে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোবিপ্রবির এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, রসায়ন বিভাগ এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষর্থীবৃন্দ উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন।




২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের রিসেপ তাইয়েপ এরদোগান বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। রোববার (০২ ফেব্রুয়ারি ২০২৫) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবির পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন। অন্যদিকে রিসেপ তাইয়েপ এরদোগান বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ইরাসমাস প্লাস ইনস্টিটিউশনাল কো-অর্ডিনেটর ড. ইয়াছমিন তোতার। এ চুক্তি ভবিষ্যতে দুই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-গবেষণা ও টেকনিক্যাল কোলাবরেশনের ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে। এসময় মাননীয় উপাচার্য চুক্তি সম্পাদনের সঙ্গে যুক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে 'বাংলাদেশে তথ্যপ্রযুক্তির উন্নয়ন ও সম্ভাবনা: শিক্ষার্থীদের করণীয়' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। রবিবার (০২ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সেমিনার কক্ষে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ভাষার মাস ফেব্রুয়ারিতে ভাষা পদযাত্রা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। রোববার (০২ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি বাংলা বিভাগের আয়োজনে পদযাত্রা কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় সরস্বতী পূজা উদযাপিত হয়েছে। সোমবার (৩ ফেব্রুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় উপাসনালয়ে এ উপলক্ষে 'জ্ঞানেশ্বরী আরাধনা' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় উপাসনালয় ব্যবস্থাপনা কমিটি ও সনাতনী শিক্ষার্থী পরিষদ, নোবিপ্রবি এর আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। প্রসঙ্গত, বিদ্যাদায়িনী দেবী সরস্বতীর আবির্ভাব উপলক্ষে উপাসনালয়ে প্রতিমা স্থাপন, হোমযজ্ঞ, অঞ্জলি প্রদান, গীতি ও নৃত্য আলেখ্য, ধর্মীয় কুইজ, প্রসাদ বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। অনুষ্ঠানসমূহে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশ নেয়।



৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে ওয়ার্কশপ অন 'ফাইনালাইজিং এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল' বিষয়ক দুই দিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে। বুধবার (৫ ফেব্রুয়ারি ২০২৫) প্রথম দিন বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লায় অনুষ্ঠিত ওই কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) '৪র্থ নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি জাতীয় বিতর্ক উৎসব-২০২৫' এর উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার (০৬ ফেব্রুয়ারি ২০২৫) এ উপলক্ষে আয়োজিত উদ্বোধনী র‍্যালিতে অংশ নিয়ে এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ওই র‍্যালির আয়োজন করে।




৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিভিন্ন ভবন, হল, স্থাপনা ও প্রকল্পসমূহের বর্তমান নাম পরিবর্তন করে নতুন নামকরণ করা হয়েছে। বৃহস্পতিবার (০৬ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) স্বাক্ষরিত এক অফিস আদেশের মাধ্যমে এ তথ্য জানানো হয়। গত ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের ৬৪ তম সভার ১৮ নং আলোচ্যসূচির আলোকে নতুন নামকরণের এ সিদ্ধান্ত গৃহিত হয় ।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী নোবিপ্রবি বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামের নাম হবে বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়াম, কেন্দ্রীয় লাইব্রেরির বঙ্গবন্ধু কর্ণারের নাম হবে বাংলাদেশ কর্ণার, দেশরত্ন শেখ হাসিনা সমুদ্র বিজ্ঞান ও সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্পের নাম হবে সমুদ্র বিজ্ঞান ও সামুদ্রিক সম্পদ ব্যবস্থাপনা ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্প, মেডিকেল সেন্টারের নাম হবে শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টার, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের নাম হবে নবাব ফয়জুন্নেসা চৌধুরানী হল, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম হবে জুলাই শহিদ স্মৃতি ছাত্রী হল।

৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিএনসিসি ক্যাডেটদের ফেয়ারওয়েল ও ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি বিএনসিসির ১৪ ও ১৫তম ব্যাচের সাবেক ক্যাডেটদের বিদায় এবং ১৮তম ব্যাচের নবীন ক্যাডেটদের বরণ উপলক্ষে এ অনুষ্ঠান

অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার (০৬ ফেব্রুয়ারি ২০২৫) বিকেলে বিশ্ববিদ্যালয়ের শহিদ ক্যাডেট সার্জেন্ট রুমী ভবনে বিএনসিসি আয়োজিত ওই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রেসক্লাবের আয়োজনে জুলাই বিপ্লব ও ক্যাম্পাস সাংবাদিকতা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শনিবার (০৮ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) কনফারেন্স রুমে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোবিপ্রবি প্রেসক্লাবের সভাপতি আজহারুল মিজানের সভাপতিত্বে সেমিনারে মূখ্য আলোচক ছিলেন মাননীয় প্রধান উপদেষ্টার সিনিয়র সহকারী প্রেস সচিব জনাব ফয়েজ আহম্মদ।




১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) '৪র্থ নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি জাতীয় বিতর্ক উৎসব-২০২৫' এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। শনিবার (০৮ ফেব্রুয়ারি ২০২৫) এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। প্রসঙ্গত, স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের বিতার্কিকদের নিয়ে তিন দিনব্যাপী ৪র্থ নোবিপ্রবি ডিবেটিং সোসাইটি জাতীয় বিতর্ক উৎসব-২০২৫ আয়োজন করা হয়। এতে স্কুল কলেজ পর্যায়ে ১৮ টি দল অংশ নেয় এবং জাতীয় পর্যায়ের ১২ জন বিচারক বিচারকার্য পরিচালনা করেন। সমাপনী দিনে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের প্রত্যেক চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলকে পুরষ্কৃত করা হয়।



১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ফয়েজ আহমদকে আর্থিক ক্ষতিপূরণ ও দুই শিক্ষার্থীকে অনুদান প্রদান করা হয়েছে। বিগত প্রশাসন কর্তৃক চার বছর ক্লাসে ফেরার সুযোগ থেকে বঞ্চিত হওয়ায় তাকে ছাত্রত্ব ফিরিয়ে দেয়াসহ আর্থিক ক্ষতিপূরণ প্রদান করা হয়। মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তার দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে ফয়েজের পরিবারের নিকট ৫ লাখ টাকার চেক হস্তান্তর করেন। এসময় সংক্ষিপ্ত বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল শিক্ষার্থী ফয়েজ ও তার পরিবারের প্রতি আন্তরিক দুঃখ প্রকাশ করেন।



১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শ্রেণি প্রতিনিধি (সিআর), বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব, সংগঠন ও বৈষম্যবিরোধী আন্দোলনের সমন্বয়কদের সঙ্গে উপাচার্যের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয় প্রশাসনের একাডেমিক বিভিন্ন বিষয় নিয়ে ওই সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৪. আগামী দুই বছরের মধ্যে নোবিপ্রবিকে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে একটি সম্মানজনক অবস্থানে নিয়ে আসার প্রত্যাশা ব্যক্ত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়কে র‍্যাঙ্কিংভুক্ত করার জন্য প্রথমবারের মতো উদ্যোগ নেয়া হয়েছে। র‍্যাঙ্কিং সেল নামে একটি অফিস চালু করা হয়েছে, ওই অফিসকে ঢেলে সাজানোর কাজ চলমান। কাজেই দুই বছরের ভেতর নোবিপ্রবিকে র‍্যাঙ্কিংয়ে নিয়ে আসা যাবে। এ কর্মযজ্ঞ বাস্তবায়নে নোবিপ্রবির সকল বিভাগ ও দপ্তরসমূহের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও নোবিপ্রবি অ্যালামানাইদের ভূমিকা রাখতে হবে। রোববার (১৬ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে আয়োজিত 'ওয়ার্কশপ অন এনএসটিইউ'স জার্নি টু এক্সিলেন্স: র‍্যাঙ্কিং ইনিশিয়েটিভ ইনঅগুরেশন' শীর্ষক ওই কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।



১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) র‍্যাঙ্কিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৭ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে 'ওয়ার্কশপ অন এনএসটিইউ'স জার্নি টু এক্সিলেন্স: র‍্যাঙ্কিং ইনিশিয়েটিভ ইনাগুরেশন' শীর্ষক ওই কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) '৪র্থ শিল্প বিপ্লব ও বাংলাদেশে জলজ চাষ পদ্ধতির সম্ভাবনা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৮ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স (ফিমস) বিভাগের আয়োজনে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নোবিপ্রবি অমর একুশে বইমেলা ২০২৫ এর উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি ২০২৫) কেন্দ্রীয় খেলার মাঠে এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। এসময় উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। উল্লেখ্য 'বইয়ের পাতায় চিন্তার বিপ্লব' স্লোগানকে প্রতিপাদ্য করে ২০ থেকে ২৪ ফেব্রুয়ারি, ২০২৫ পাঁচ দিনব্যাপী আয়োজিত এ মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত চলবে। বইমেলার আয়োজনে রয়েছে বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম, নোবিপ্রবি শাখা, শব্দ কুটির, রোটারেক্ট ক্লাব, অন্ট্রাপ্রিনারশিপ ক্লাব এবং এমআইএস নেট।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd



১৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ পালিত হয়েছে। এ উপলক্ষে শুক্রবার (২১ ফেব্রুয়ারি ২০২৫) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলের নেতৃত্বে শোক পদযাত্রা, সশস্ত্র সালাম প্রদান, কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদন, সংক্ষিপ্ত আলোচনা, বিশেষ দোয়া অনুষ্ঠান ও কালো ব্যাজ ধারণ কর্মসূচি পালন করা হয়। নোবিপ্রবির জাতীয় দিবস উদযাপন কমিটি, প্রক্টর অফিস, বিএনসিসি, ছাত্রপরামর্শ ও নির্দেশনা বিভাগ কর্মসূচিসমূহের আয়োজন করে।




১৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জাপান ফাউন্ডেশন ইন্দো প্যাসিফিক পার্টনারশিপ প্রোগ্রাম (জেএফআইপিপি) ফেলোশিপ নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি  ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) ও ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবরেশন সেন্টার  এর আয়োজন করে। আজ শনিবার (২২ ফেব্রুয়ারি ২০২৫) আইকিউএসিতে আয়োজিত ওই সেমিনারে চিফ প্যাট্রন ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এতে প্রধান অতিথি ছিলেন কোজি সাতো, ডিরেক্টর জেনারেল (সাউথ এশিয়া), জাপান ফাউন্ডেশন।




২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেছেন, জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব শুধু পরিবেশের মধ্যেই সীমাবদ্ধ নেই। বন্যা, খরা, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, সাইক্লোন, পানিসম্পদ, কৃষি, খাদ্য ও স্বাস্থ্য নিরাপত্তাসহ এর

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

আর্থসামাজিক নানা প্রভাব রয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাবে অনেক পরিবার আর্থিকভাবে নিঃস্ব হয়ে পড়ছে। অনেকেই অভ্যন্তরীণ অভিবাসনে বাধ্য হচ্ছে। এসব চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের অভিযোজন ও প্রশমন উভয় দিক থেকেই কাজ করতে হবে। সোমবার (২৪ ফেব্রুয়ারি ২০২৫) সিরাজগঞ্জের জাতীয় স্কাউটস প্রশিক্ষণ কেন্দ্র-২ হার্ডপয়েন্টে আয়োজিত ৭ম জাতীয় কমিউনিটি ডেভেলপমেন্ট ক্যাম্পে (কমডেকা) সেবা-১২ ইয়ুথ পার্লামেন্টের চূড়ান্ত পর্বের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ স্কাউটস এ অনুষ্ঠানের আয়োজন করে। ইয়ুথ পার্লামেন্টের বিতর্কের বিষয় ছিল "এই সংসদ বৈশ্বিক জলবায়ুজনিত ঝুঁকি মোকাবেলায় প্রশমন অপেক্ষা অভিযোজনকে বেশি গুরুত্ব দেবে"।




২১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'নোবিপ্রবি ওয়েবসাইট ও তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির আধুনিকায়ন' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) 'মডার্নাইজিং এনএসটিইউ ওয়েবসাইট এন্ড এনএসটিইউ ইনফর্মেশন ম্যানেজমেন্ট সিস্টেম: ফিডব্যাক এন্ড ইনসাইটস্' শীর্ষক ওই সেমিনারের আয়োজন করে। আইকিউএসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ওই সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



২২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে ইবনে সিনা ট্রাস্টের সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি ২০২৫) উপাচার্যের কার্যালয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এতে নোবিপ্রবির পক্ষে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজীদ হোছাইন চৌধুরী। অন্যদিকে ইবনে সিনা ট্রাস্টের পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানের এজিএম ও হেড অব বিজনেস ডেভেলপমেন্ট মোহাম্মদ নিয়াজ মাখদুম শিবলী।



২৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথি হিসেবে হুমায়ুন জহীর স্মৃতি বৃত্তি পরীক্ষা-২০২৪ এর বৃত্তি ও সনদ প্রদান করেছেন। বুধবার (২৬ ফেব্রুয়ারি ২০২৫) নোয়াখালীর নোয়া কনভেনশন সেন্টারে এ সনদ প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।



২৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) দিনব্যাপী ফ্রি মেডিকেল সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারের সহযোগিতায় ড্রিমার্স কনসালটেশন অ্যান্ড রির্সাচ নোবিপ্রবির শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীদের বিনামূল্যে স্বাস্থ্য পরামর্শ ও পরীক্ষার জন্য এর আয়োজন করে। বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত ওই ক্যাম্পের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪